যুগান্তর

এসএসসিতে ফল সন্তোষজনক না হওয়ায়

# চসিকের তিন স্কুলের প্রধান শিক্ষককে শোকজের নির্দেশ

প্রকাশ : ১৫ মে ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

চট্টগ্রাম ব্যুরো

এসএসসি পরীক্ষার ফল সন্তোষজনক না হওয়ায় তিন বিদ্যালয়ের প্রধান শিক্ষককে শোকজের নির্দেশ দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র আ জ ম নাছির উদ্দীন। সোমবার তিনি এ নির্দেশ দেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ১১টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভায় মেয়র এ নির্দেশ দেন। স্কুল তিনটি হল- ভোলানাথ সিটি কর্পোরেশন উচ্চবিদ্যালয়, পাঠানটুলী সিটি কর্পোরেশন বালিকা উচ্চবিদ্যালয় ও পাথরঘাটা মেনকা সিটি কর্পোরেশন বালিকা উচ্চবিদ্যালয়।

চসিক শিক্ষা বিভাগ সূত্রে জানা গেছে, এবারের এসএসসি পরীক্ষার ফলাফলে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পাসের হার ছিল ৭৫ দশমিক ০৫ শতাংশ। আর চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষা প্রতিষ্ঠানে এই হার ছিল ৮৯ দশমিক ৬৫ শতাংশ। কর্পোরেশনের ৪৭টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে অপরাপর প্রতিষ্ঠানগুলো এ হার অর্জন করতে পারলেও ওই তিনটি বিদ্যালয় এ হার অর্জনে ব্যর্থ হয়।

এরই পরিপ্রেক্ষিতে মেয়র সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া শিরিনকে বোর্ড গ্রেড অর্জন করতে না পারা তিনটি শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানকে শোকজের নির্দেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া শিরিন।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।